# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, কদমতলী, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

www.sylhetboard.gov.bd, e-mail: sylheteduboard@gmail.com


স্মারক নং ঃ সিশিবো/প্রশা/২০১৯/ ৬৫৬ তারিখ ঃ ০২/০৪/২০১৯ খ্রিঃ

## নোটিশ

সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন ২০১৯ সালের এইচ এস সি পরীক্ষার ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের সাথে বোর্ডে অনুষ্ঠিত মতবিনিময় সভায় সংশ্লিষ্ট সকলকে শিক্ষা বোর্ড থেকে সরবরাহকৃত উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা-২০১৯ পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা এবং শিক্ষা মন্ত্রণালয়ের প্রেরিত নির্দেশাবলী যথাযথ অনুসরণ করার জন্য বলা হয়েছে। নিয়মিত, অনিয়মিত ও এক/দুই বিষয়ের পরীক্ষার্থীদেরকে আলাদা আলাদা কক্ষে বসিয়ে তাদের স্ব-স্ব রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশপত্রে উল্লেখিত শিক্ষার্থীর শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্র দিয়ে পরীক্ষা গ্রহণ করতে নির্দেশনা প্রদান করা হয়। অথচ ০১/০৪/২০১৯ তারিখের বাংলা ১মপত্রের (১০১) পরীক্ষার ০২(দুই)টি কেন্দ্রে এর ব্যতয় ঘটেছে নিম্নস্বাক্ষরকারী পত্রিকার প্রতিবেদকের টেলিফোনিক আলাপ থেকে অবহিত হয়েছেন যা কোনক্রমেই কাম্য নয় এবং এটা পরীক্ষা নীতিমালার পরিপন্থি।

এমতাবস্থায়, পরীক্ষা সংশ্লিষ্ট সকলকে পরবর্তী পরীক্ষার দিন সমূহে সতর্কভাবে পরীক্ষা পরিচালনার জন্য নির্দেশ প্রদান করা যাচ্ছে। এ নিয়মের ব্যতয় ঘটলে ভারপ্রাপ্ত কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলের বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ কেন্দ্র বাতিল করতে কর্তৃপক্ষ বাধ্য থাকবে।

বিষয়টি অতীব জরুরী।

Kuddus 2.4.19

(প্রফেসর মোঃ আব্দুল কুদ্দুছ)
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ**

১. জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
২. তত্ত্বাবধায়ক কর্মকর্তা, এইচ এস সি পরীক্ষা-২০১৯, সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কেন্দ্র।
৩. সংরক্ষণ নথি।